**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 21-06-2025**
**Time: 08.00-08.05 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## International Yoga Day-PM :

আন্তর্জাতিক যোগ দিবসে আজ বিশাখাপত্তনমে ২৬ কিমি দীর্ঘ করিডরে আয়োজিত বিশাল যোগ অনুষ্ঠানে অংশ নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, যোগ সম্প্রদায় পেশা সমাজ নির্বিশেষে সবার জন্য সমান প্রাসঙ্গিক।

########Byte PM ##############

অনুষ্ঠানে কয়েক লক্ষ মানুষ একসঙ্গে যোগাভ্যাসে অংশ নিয়েছেন। গিনেস রেকর্ড গড়ার লক্ষ্য নিয়ে আজ সকাল সাড়ে ছয়টা থেকে ৮টা পর্যন্ত চলবে এই কর্মসূচি। একইসঙ্গে দেশের বিভিন্ন প্রান্তে শুরু হয়েছে এই দিবসের উদযাপন।

************************

## International Yoga Day-State :

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলায় হাঁপানিয়ার আন্তর্জাতিক প্রদর্শনী হলে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। রাজ্যভিত্তিক যোগ দিবস অনুষ্ঠানে ত্রিপুরা পুলিশ, বি.এস.এফ, সি.আর.পি.এফ, টি.এস.আর, এন.ওয়াই.কে.এস, এন.সি.সি, এন.এস.এস, বিভিন্ন বিদ্যালয়ের স্কাউটস এন্ড গাইডস, বিভিন্ন সমাজসেবী সংস্থা, যোগাচর্চা সংস্থা, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং বিভিন্ন দপ্তরের কর্মচারীরা অংশগ্রহণ করেন। ভারত স্বাভিমান

ট্রাস্ট, পতঞ্জলি যোগ সমিতি, মহিলা পতঞ্জলি যোগ সমিতি, পতঞ্জলি কিষান সেবা সমিতির উদ্যোগে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হচ্ছে। উল্লেখ্য এবারের যোগা দিবসের ভাবনা এক পৃথিবী, এক স্বাস্থ্যের জন্য যোগ।

********************

**Labour Minister :**

রাজ্যের চা বাগানে কর্মরত শ্রমিকদের দৈনিক ন্যূনতম মজুরি বৃদ্ধি করা হয়েছে। এক্ষেত্রে চা বাগানের প্রাপ্তবয়স্ক (পুরুষ ও মহিলা) শ্রমিকদের ন্যূনতম মজুরি ১৭৬ টাকা থেকে বাড়িয়ে ২০৪ টাকা এবং অপ্রাপ্ত বয়স্ক শ্রমিকদের মজুরি ৮৮ টাকা থেকে বৃদ্ধি করে ১০২ টাকা করা হয়েছে। চলতি অর্থবছরের এপ্রিল মাস থেকে এই বর্ধিত মজুরি কার্যকর হবে। গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে শ্রমমন্ত্রী টিংকু রায় এ সংবাদ জানান।

********************

**PM in Odisha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বিহার সফর শেষ করে ওড়িশায় পৌঁছে বিজেপি সরকারের বর্ষপূর্তি অনুষ্ঠানে যোগ দিয়েছেন। সেখানে তিনি ১৮ হাজার ৬০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্প উদ্বোধন ও শিলান্যাস করেন। এর মধ্যে রয়েছে, পানীয় জল, সেচ, কৃষি, স্বাস্থ্য পরিকাঠামো, গ্রামীণ রাস্তা ও সেতু সংক্রান্ত একাধিক প্রকল্প। এছাড়াও ভারতে প্রথম ভাষা ভিত্তিক রাজ্য হিসেবে ওড়িশার ১০০ বছর পূর্তি উপলক্ষে ওড়িশা ভিশন ডকুমেন্ট ২০৩৬-এর প্রকাশ করেন শ্রী মোদী|

*********************

**Badalta Bharat Mera Anubhav :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রক, My Gov’র সহযোগিতায় নাগরিকদের দেশব্যাপী 'বদলতা ভারত মেরা অনুভব' প্রচারে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছে। এই প্রচারাভিযানের লক্ষ্য হল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সরকারের দূরদর্শী নেতৃত্ব, অভূতপূর্ব উন্নয়ন এবং রূপান্তরমূলক শাসনের ১১ বছর উদযাপন করা।

*********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

********************

**Sushanta Chowdhury :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে গতকাল সচিবালয়ে রাজ্যের বিভিন্ন স্থানে মোটর স্ট্যান্ড নির্মাণের কাজ পর্যালোচনার জন্য একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মন্ত্রী শ্রী চৌধুরী চলমান কাজের অগ্রগতি সম্পর্কে অবগত হন এবং দ্রুত নির্মাণ কাজ সমাপ্ত করে কাজের 'ইউটিলাইজেশন সার্টিফিকেট' জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট অধিকারিকদের নির্দেশ দেন।

*********************

**Administrative Camp :**

খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল পদ্মবিল ব্লকের অন্তর্গত রতনপুর এডিসি ভিলেজ এলাকার জুমিয়া কলোনি জেবি স্কুলে একটি প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে সুবিধাভোগীদের মধ্যে বিভিন্ন সরকারি শংসাপত্র প্রদান করা হয়। তাছাড়া পদ্মবিল আইসিডিএস প্রজেক্টের উদ্যোগে গর্ভবতী মায়েদের পুষ্টি জনিত খাদ্য সামগ্রীও বিতরণ করা হয়।

*********************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

**********************